

নথি নং-২-(১)জন প্রশাঃ/সদর/০১/২০১৭/ ৬৬৪/০৮
আদেশ

তারিখ ২২/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয় : কাস্টম হাউস, ঢাকার কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি গঠন ও কার্যক্রম পরিচালনা।

- সূত্র : (১) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৪/২০১৭ তারিখের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ বিষয়ক প্রজ্ঞাপন।
(২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৩৬.০৬.০০২.১৭/৪৮২ তারিখ ০৯/০৫/১৭ খ্রিঃ।
(৩) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৩৬.২২.০১৩.১৩(অংশ-২)/২৮৭ তারিখ ১৬/৪/১৭ খ্রিঃ।
(৪) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার পত্র নং-০৮.০১.০০০০.০০২.১৫.০১২.১৫(অংশ-২)/২৭ তারিখ ১৩/০৬/১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭” এর আলোকে কাস্টম হাউস, ঢাকার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে কাস্টম হাউস, ঢাকার শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

কাস্টম হাউস, ঢাকার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি		
ক্র/নং	পদবি	কমিটিতে অবস্থান
১.	কমিশনার, কাস্টম হাউস, ঢাকা	আঞ্চালিক
২.	যুগ্ম কমিশনার-১, কাস্টম হাউস, ঢাকা	সদস্য
৩.	যুগ্ম কমিশনার-২, কাস্টম হাউস, ঢাকা	সদস্য
৪.	উপ কমিশনার-১, কাস্টম হাউস, ঢাকা	সদস্য
৫.	উপ/সহকারী কমিশনার (জন প্রশাসন), কাস্টম হাউস, ঢাকা	সদস্য সচিব
৬.	রাজস্ব কর্মকর্তা, সদর দপ্তর, কাস্টম হাউস, ঢাকা	সদস্য
৭.	সহকারী রাজস্ব কর্মকর্তা, সদর দপ্তর, কাস্টম হাউস, ঢাকা	সদস্য

২। কমিটির কর্মপরিধি :

(ক) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে এ দপ্তরে খেড-৩ হতে খেড-১০ ভুক্ত একজন কর্মচারী ও খেড-১১ হতে খেড-২০ ভুক্ত একজন কর্মচারী নির্বাচন করা।

(খ) শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক কেন্দ্রীয় বাছাই কমিটি (চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত জাতীয় রাজস্ব বোর্ডের কমিটি) হতে প্রয়োজনে পরামর্শ গ্রহণ করা।

(গ) নিজ নিজ দপ্তরে গঠিত কমিটি কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদানের প্রয়োজনীয় বাজেট বরাদ্দ চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বোর্ড প্রশাসন-৫ শাখায় পত্র প্রেরণ করা।

(ঘ) পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে প্রাপ্ত নম্বরসহ প্রতি বছর জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের বোর্ড প্রশাসন-২ (শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) শাখায় প্রেরণ করা।

(ঙ) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী প্রয়োজ্য অন্যান্য দায়িত্ব পালন করা।

(ক) কাস্টম হাউস, ঢাকার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি প্রতি বছর মে মাসের ৩১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা কর্মচারী নির্বাচন করবেন। প্রয়োজনে উক্ত কমিটি এক বা একাধিক সভায় মিলিত হবেন।

(খ) অর্থ বছরের শুরুতে অর্থাৎ জুলাই মাস হতে অথবা কর্মকর্তা-কর্মচারী দায়িত্ব গ্রহণের পর থেকেই তাঁর কার্যক্রম ও অন্যান্য বিষয় নিবির পর্যবেক্ষণ করবেন।

স্বাক্ষরিত/-

প্রকাশ দেওয়ান

কমিশনার

ফোন-৮৯০১৫৭৭

ই-মেইল: dhakacustoms@yahoo.com

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১। যুগ্ম কমিশনার-১/২/৩, কাস্টম হাউস, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট(ইডিপি ম্যানেজার)/সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা।
- ৩। উপ/সহকারী কমিশনার, অপারেশন ম্যানেজার/শুদ্ধায়ন গ্রুপ-১/২/৩/৩(এ)/৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/বিচার/আইন/কুরিয়ার IM-7/এয়ারফ্রেইট/কুরিয়ার/রপ্তানী পরীক্ষা/ কুরিয়ার IM-4/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
- ৫। রাজস্ব কর্মকর্তা, শুদ্ধায়ন গ্রুপ-১/২/৩/৩(এ)/৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/কুরিয়ার IM-7/এয়ারফ্রেইট/কুরিয়ার/রপ্তানী পরীক্ষা/ রপ্তানী শুদ্ধায়ন/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
- ৬। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। তাঁকে এ আদেশটি কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। বেতন ও হিসাব রক্ষণ কর্মকর্তা, কাস্টম হাউস, ঢাকা।
- ৮। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২২.০১.১৭
মোছাঃ শামিমা জেসমিন
উপ-কমিশনার(চঃদাঃ)